মাদকমুক্ত সমাজ গড়তে ফুটবল বিতরণ করলেন সাবেক ইউপি চেয়ারম্যান মনি

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের যুব ও ছাত্রসমাজকে মাদকাসক্তি থেকে দূরে রাখতে খেলাধুলায় আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানিয়ে ফুটবল বিতরণ করেছেন ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনি।
আজ শুক্রবার বিকেলে ইউনিয়নের জুগিরগোপা গ্রামে ছাত্র ও যুবকদের হাতে ফুটবল তুলে দেন তিনি। এর আগে একইভাবে ষোলটাকা ইউনিয়নের বিভিন্ন গ্রামে খেলাধুলার প্রসারে তিনি ফুটবল বিতরণ করেন।
এ সময় সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি বলেন, যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে খেলাধুলার কোনো বিকল্প নেই। খেলাধুলা মানুষকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে; শৃঙ্খলাবোধ, ভ্রাতৃত্ববোধ ও সামাজিক মূল্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই তরুণদের খেলাধুলায় উৎসাহিত করতেই আমি এই ফুটবল বিতরণ কর্মসূচি হাতে নিয়েছি।
তিনি আরও বলেন, একটি সুস্থ, মাদকমুক্ত ও সুন্দর সমাজ গড়তে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসতে হবে। তরুণদের মাঠমুখী করতে পারলে তারা অসামাজিক কার্যকলাপ থেকে দূরে থাকবে এবং দেশ ও সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।
আসন্ন ষোলটাকা ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি পুনরায় চেয়ারম্যান পদে প্রার্থী হওয়ার ইচ্ছা প্রকাশ করে ইউনিয়নবাসীর দোয়া, ভালোবাসা ও সমর্থন কামনা করেন।
তিনি বলেন, অতীতের মতো ভবিষ্যতেও ষোলটাকা ইউনিয়নের রাস্তাঘাট, শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সার্বিক উন্নয়ন এবং জনসেবামূলক কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত রাখতে চাই। জনগণের আস্থা ও সমর্থন পেলে ইউনিয়নের উন্নয়নে আরও আন্তরিকভাবে কাজ করব।
ফুটবল বিতরণ কর্মসূচিতে বিএনপি নেতাকর্মী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, ক্রীড়াপ্রেমী, ছাত্র-যুবকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। উপস্থিত যুবকদের মধ্যে এই উদ্যোগকে ঘিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়।

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে সাবেক ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের মৃত্যু

না ফেরার দেশে চলে গেলেন কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। গতকাল মঙ্গলবার রাতে চিকিৎসাধীন অবস্থায় যশোর হাসপাতালে মারা যান তিনি। তাঁর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনাা জানিয়েছেন সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

পারিবারিক সুত্রে জানা যায়,কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। তিনি কোটচাঁদপুরের দয়ারামপুর গ্রামের মৃত মঈনুদ্দিন বিশ্বাসের ছেলে। কাবিল উদ্দিন দীর্ঘদিন কিটনী,ডায়াবেটিক রোগে রোগাক্রান্ত ছিলেন। গতকাল মঙ্গলবার (২৭ আগস্ট) তারিখে তিনি অসুস্থ্য বোধ করেন। এ সময় তাঁর স্বজনরা তাকে প্রথমে কোটচাঁদপুর হাঁসপাতালে নিয়ে যান।

জরুরি বিভাগের চিকিৎসক কাবিল উদ্দিন বিশ্বাসকে দেখে যশোর হাসপাতালে রেফার্ড করেন। স্বজনরা তাকে যশোর হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করান। এরপর চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাতে তিনি চলে যান না ফেরার দেশে। মৃত্যুর সময় তিনি স্ত্রী ৪ পুত্র ২ কন্যাসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

আজ বুধবার দুপুর ১ টার সময় জানাযা শেষে পারিবারিক কবর স্থানে মরহুমের দাফন সম্পন্ন হবে বলে জানিয়েছেন স্বজনরা।
তিনি কোটচাঁদপুর দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছিলেন। এ ছাড়া তিনি ওই ইউনিয়নের ২ বারের চেয়ারম্যান ও ছিলেন। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছেন পরিবার ও দলীয় নেতা- কর্মীদের মধ্যে।

এদিকে মৃত্যুর খবর পেয়ে ফেসবুকে এক আবেগ ঘন স্ট্যাটাস দিয়েছেন,ঝিনাইদহ – ৩ আসনের সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। তিনি ওই স্ট্যাটাসে বলেছেন, কাবিল উদ্দিন বিশ্বাস

ছিলেন,কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সংগ্রামী সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান।

তাঁর মৃত্যুতে আমরা হারালাম তৃণমূল আওয়ামী লীগের এক বীর সৈনিককে। যিনি ছিলেন বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক। দলের এই ক্লান্তিকালে বড্ড প্রয়োজন ছিল আপনার মত দুঃসাহসিক নেতার। এ ছাড়া তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও তার শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছেন ওই স্ট্যাটাসে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় বিএনপি নেতা ও সাবেক ইউপি চেয়ারম্যান আহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম (৫৬) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০ মে) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার বাওট বীরমুক্তিযোদ্ধা আব্দুল গণি কলেজের সামনে এই দুর্ঘটনা ঘটে।

আজত সিরাজুল ইসলামকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ও চেয়ারম্যান সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে বাওট বাজার থেকে আকুবপুরের দিকে যাচ্ছিলেন। বাওট কলেজের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা ইঞ্জিনচালিত পাখি ভ্যানের চাকা খুলে এসে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগে। এতে সিরাজুল ইসলাম রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা

তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

চিকিৎসকের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, তার বুকের কলার বোন ভেঙ্গে গেছে এবং শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।